



বরিশাল বিশ্ববিদ্যালয়

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

তারিখ : ০২ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ক, খ ও গ ইউনিটের অধীন বিভাগসমূহে ভর্তির জন্য মনোনীত ওয় তালিকার শিক্ষার্থীদের ভর্তির সময়সীমা ১৭/০২/২০১৯ তারিখ থেকে ১৯/০২/২০১৯ পর্যন্ত। এই সময়সীমার মধ্যে কোনো শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

ভর্তির জন্য শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয়াদি:

ক) ভর্তির জন্য শিক্ষার্থী প্রথমে তার ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র দেখিয়ে ডিন অফিস থেকে ভর্তি ফরম ও পে-স্লিপ সংগ্রহ করবে। উক্ত ভর্তি ফরম ও পে-স্লিপ যথাযথভাবে পূরণ করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ ফরমের যথাস্থানে রঙিন ছবি লাগিয়ে ডিন অফিসে জমা দিতে হবে।


খ) ডিন অফিসে ভর্তি ফরম জমা দেয়ার পরে শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ড এবং চয়েস ফরমের প্রিন্টআউট কপিসহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের নিকট উপস্থিত হতে হবে কাগজপত্র নিরীক্ষার জন্য।

গ) ভর্তির সময় শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট খামে ঢুকিয়ে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে (খামের উপরে অবশ্যই ভর্তি পরীক্ষার রোল নম্বর ও মেধাক্রম লিখতে হবে)।

ঘ) কাগজপত্র নিরীক্ষা শেষে আবেদনপত্র ও পে-স্লিপ বিভাগ থেকে নিয়ে ব্যাংকে ভর্তি ফি জমা দিয়ে ভর্তি কার্য সম্পন্ন করতে হবে।

ঙ) ভর্তি ফি ১৫,১৫০/- (পনের হাজার এক শত পঞ্চাশ) টাকা। তবে বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং জীববিজ্ঞান অনুষদের জন্য তদসঙ্গে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত ল্যাব ফি যুক্ত হবে।

চ) বিভাগ উন্নয়ন ফি নিজ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভাগের ব্যাংক হিসাব-এ জমা দিতে হবে।


১৪/২/১৯

(প্রফেসর ড. এস এম ইমামুল হক)

উপাচার্য

ও

প্রধান সমন্বয়ক

ভর্তি পরীক্ষা ২০১৮-১৯

বরিশাল বিশ্ববিদ্যালয়